

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ পূর্ব এশিয়া অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪২৫.৩৪.২২৭.১৪- ২১৩

তারিখ: ১৩ জুলাই ২০২২

প্রেরক: মো: জাবের হায়দার

সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)

প্রাপক: জনাব মো: এমদাদুল ইসলাম চৌধুরী

পরিচালক (পররাষ্ট্রমন্ত্রী-এর দপ্তর)

পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয়: দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বাংলাদেশ-আসিয়ান আঞ্চলিক সম্পর্ক অধিকতর জোরদার করার লক্ষ্যে মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে আগামী ১৪-১৬ জুলাই ২০২২, ১৬-১৭ জুলাই ২০২২ এবং ১৭-১৯ জুলাই ২০২২ তারিখে যথাক্রমে কম্বোডিয়া, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া সফরের লক্ষ্যে গঠিত প্রতিনিধিদলের সদস্য হিসেবে উক্ত সফরসমূহে অংশগ্রহণের জন্য জনাব মো: এমদাদুল ইসলাম চৌধুরী, পরিচালক (পররাষ্ট্রমন্ত্রী-এর দপ্তর)-এর অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৪-১৬ জুলাই ২০২২ তারিখ, ১৬-১৭ জুলাই ২০২২ তারিখ এবং ১৭-১৯ জুলাই ২০২২ তারিখে যথাক্রমে কম্বোডিয়া, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া সফরের লক্ষ্যে মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে গঠিত প্রতিনিধিদলের সদস্য হিসেবে উক্ত সফরসমূহে অংশগ্রহণের নিমিত্ত আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;

গ) আপনি আগামী ১৪ জুলাই ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে নমপেন-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৯ জুলাই বা তার নিকটবর্তী সময়ে ঢাকা এর উদ্দেশ্যে জাকার্তা ত্যাগ করবেন;

ঘ) জরুরি অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

মো: জাবের হায়দার

সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)

ফোন: ২২৩৩৮৯২০৩

ইমেইল: sea@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৪২৫.৩৪.২২৭.১৪- ২১৩

তারিখ: ১৩ জুলাই ২০২২

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা

৩। পরিচালক (এফএমও/এসএমও/সংস্থাপন/এফএসও/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা

৭। বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক/সিংগাপুর/কুয়ালালামপুর/জাকার্তা

৮। অফিস কপি

13.07.2022

মো: জাবের হায়দার

সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)